**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 4/18/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো ঘোষণা করেছেন নেটফ্লিক্স (NETFLIX) নিউ ইয়র্ক শহরে নতুন উৎপাদন হাব স্থাপন করে নিউ ইয়র্কে তাদের উপস্থিতি প্রসারিত করবে

***হাবের অন্তর্ভুক্ত হবে ম্যানহাটানের অফিস যা 127টি এক্সিকিউটিভ বিষয়বস্তু, বিপণন ও উৎপাদনের চাকরি তৈরি করবে 2024 সালের মধ্যে***

***ব্রুকলিনের উত্পাদনের স্থানে থাকবে ছয়টি সাউন্ড স্টেজ যাতে পাঁচ বছরের মধ্যে হাজার হাজার চাকরির ব্যবস্থা করার ক্ষমতা থাকবে***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে বিশ্বের শীর্ষস্থানীয় ইন্টারনেট বিনোদন পরিষেবা নেটফিক্স, নিউ ইয়র্ক সিটিতে একটি উৎপাদন হাব তৈরি করে নিউ ইয়র্কে তার উপস্থিতি প্রসারিত করবে, এই শহরে শত শত কাজ এবং 100 মিলিয়ন মার্কিন ডলার অবধি বিনিয়োগের মাধ্যমে। উৎপাদন কেন্দ্রটিতে ম্যানহাটানের একটি বর্ধিত অফিস অন্তর্ভুক্ত করা হবে যা পরবর্তী পাঁচ বছরে 127টি উচ্চমূল্যের একজেকিউটিভ বিষয়বস্তু, বিপণন ও উৎপাদন উন্নয়নের কর্মসংস্থান সৃষ্টি করবে এবং ব্রুকলিনে ছয়টি সাউন্ড স্টেজ তৈরি করবে যেখানে পাঁচ বছরের মধ্যে হাজার হাজার উৎপাদন কর্মীর চাকরির সুযোগ হবে। এই ঘোষণা নিউইয়র্কের প্রযুক্তি ও বিনোদন খাতে সহায়তা করার জন্য গভর্নর কুওমোর অঙ্গীকারবদ্ধতাকে আরো বাড়িয়ে দেয় রাজ্য জুড়ে বলশালী কর্মসংস্থান তৈরি করার জন্য।

"নেটফিক্স উদ্ভাবনী, সৃজনশীল এবং সাহসী - ঠিক নিউ ইয়র্কবাসীদের মতোই - এবং নিউয়র্কে এই আধুনিকতম প্রযুক্তি সম্বলিত সংস্থার সম্প্রসারণে আরো একবার দেখায় যে এই সাম্রাজ্ঞী রাজ্য ব্যবসার জন্য উদগ্রীব", **গভর্নর কুওমো বলেন।** "আমরা গর্বিত যে নেটফিক্স নিউ ইয়র্ককে তার ব্যবসার প্রসারণের জন্য বেছে নিয়েছে এবং এই প্রকল্পটি যে সকল চাকরি, অর্থনৈতিক কার্যকলাপ এবং বিশ্বমানের প্রযোজনাগুলি নিয়ে আসবে, তা দেখার জন্য উন্মুখ।"

"আমেরিকা এবং সারা বিশ্ব জুড়ে স্ট্রিমিং পরিষেবার নেতৃস্থানীয় এক সরবরাহকারী হিসাবে, নিউ ইয়র্কে নেটফ্লিক্সের প্রসারণ একটি উল্লেখযোগ্য মাইলফলক, যা হাজার হাজার কর্মসংস্থানের সম্ভাবনা সৃষ্টি করে", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নতুন উৎপাদন হাবটি ব্রুকলিনে অফিস স্পেস এবং সাউন্ড স্টেজগুলি যুক্ত করবে, এ অঞ্চলের প্রযুক্তি ও বিনোদন শিল্পের অগ্রগতিকে উন্নত করে, এবং সম্পূর্ণ নিউ ইয়র্কের অর্থনীতিতে বিনিয়োগ অবিরত রাখবে এবং তাকে আরো উন্নত করবে।"

**জেসন হ্যারিটন, নেটফ্লিক্সের ওয়ার্ল্ডওয়াইড স্টুডিও অপারেশনস ও রিয়েল এস্টেট পরিচালক, বলেন,** "নিউ ইয়র্ক একটি চলচিত্র-অনুকূল পরিবেশ তৈরি করেছে যা বিশ্বের কিছু সেরা ও সৃজনশীল ও নির্বাহী প্রতিভাগুলির বাসস্থান, এবং আমরা আমাদের উৎপাদন হাবের সাথে নেটফ্লিক্সে তাদের জন্য একটি স্থান প্রদান করতে পেরে আনন্দিত।"

নেটিফিক্সের নতুন কর্পোরেট অফিস ম্যানহাটানের ফ্ল্যাটআয়রন ডিস্ট্রিক্টের 444 ব্রডওয়েতে প্রায় 100,000 বর্গফুট জায়গা নিয়ে স্থাপিত হবে। নেটিফিক্সের বর্তমান 32 জন নিউ ইয়র্ক-ভিত্তিক কর্মচারী ছাড়াও 127 টি নতুন এক্সিকিউটিভ বিষয়বস্তু অধিগ্রহণ, উন্নয়ন, উৎপাদন, আইনি, প্রচার ও বিপণনের পদসমূহের ব্যবস্থা করবে।

নিউইয়র্কে উৎপাদন দীর্ঘ ইতিহাস সহ সংস্থাটি - যার মধ্যে রয়েছে *অরেঞ্জ ইস দ্যা নিয় ব্ল্যাক (Orange is the New Black)*, *আনব্রেকেবেল কিমি শ্মিট (Unbreakable Kimmy Schmidt)*, *সিজ গটা হ্যাভ ইট (She's Gotta Have It)*, *দ্যা আইরিশম্যান (The Irishman)*, *সামওয়ান গ্রেট (Someone Great)*, *প্রাইভেট লাইফ (Private Life)* এবং *রাশিয়ান ডল (Russian Doll)* - তারা আনুমানিক 161,000 বর্গফুট লিজ করেছে ব্রুকলিনে 333 জনসন এভিনিউতে ছয়টি সাউন্ড স্টেজ এবং সহায়তামূলক স্থান তৈরি করতে। এই স্থান পাঁচ বছরের মধ্যে হাজার হাজার উৎপাদন সংক্রান্ত কাজের ব্যবস্থা করবে বলে আশা করা হয়।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, চিফ একজেকিউটিভ অফিসার এবং কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন,** "নেটফিক্সকে ধন্যবাদ যে অনলাইন স্ট্রিমিং কেবল তারের টেলিভিশনের মতোই সাধারণ হয়ে উঠেছে এবং হয়ত আরো বেশি অ্যাক্সেসযোগ্য - এবং নিউ ইয়র্কে প্রসারণের সিদ্ধান্ত, নিউ ইয়র্কের প্রযুক্তি, বিনোদন ও উৎপাদন শিল্পগুলিকে সহায়তা প্রদান ও বিকাশের জন্য আমাদের কাজের একটি স্বীকৃতি।"

**জন ফোর্ড, মোশন পিকচার স্টুডিও মেকানিক্স স্থানীয় (Motion Picture Studio Mechanics Local) 52, I.A.T.S.E-র সভাপতি, বলেন,** "পরিশ্রমী কর্মীরা নিউ ইয়র্কের চলচ্চিত্র শিল্পের ভিত্তিস্বরুপ, এবং এই প্রকল্প তাদের ভবিষ্যতে বিনিয়োগ করে। এই প্রতিভাবাণ ব্যক্তিরা প্রযোজনগুলি কোনরকম বিঘ্ন ছাড়াই যাতে নির্বাহিত হয় তা নিশ্চিত করার জন্য প্রতিদিন কাজ করেন - এবং তাদের গভর্নর অ্যান্ড্রু কুওমোর চেয়ে বড় সমর্থক আর কেউ নেই। নিউ ইয়র্ক সিটিতে নেটফিক্সের নতুন হাব নিয়ে আসতে সহায়তা করার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই।"

**টম ও'ডোনেল, থিয়েটার টীমস্টার স্থানীয় 817 (Theatrical Teamsters Local 817) বলেছেন:** "আমাদের শিল্পে খুব কম সংস্থা আছে যারা নেটফিক্সের মত দূরদর্শী। এই খবরের সাথে, আমরা ইতিমধ্যেই সৃষ্ট কর্মসংস্থানের রেকর্ডে আরো বলিষ্ঠ, মধ্যবিত্ত কর্মসংস্থান যোগ করা চালিয়ে যাব। এর জন্য প্রয়োজনীয় পরিবেশের অস্তিত্ব নিউ ইয়র্ক স্টেট ফিল্ম চলচ্চিত্র ট্যাক্স ক্রেডিট প্রোগ্রাম (New York State Film Tax Credit Program) ছাড়া সম্ভব হত না - এবং আমি তার দূরদর্শিতার এবং তার সহায়তা অব্যাহত রাখার জন্য গভর্নর কুওমোর প্রশংসা করি।"

2024 সালের মধ্যে নেটফ্লিক্সের 127টি উচ্চ-বেতন প্রদানকারী অফিস-ভিত্তিক চাকরি তৈরিতে সহায়তা করতে এবং অন্যান্য বিবেচনাধীন শহরগুলির সাথে প্রতিদ্বন্দ্বিতা করতে - এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) দশ বছর ধরে পারফরম্যান্স ভিত্তিক এক্সেলসিয়র ট্যাক্স ক্রেডিটে (Excelsior Tax Credits) 4 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের প্রস্তাব দিয়েছে, যা সরাসরি বাস্তব কর্মসংস্থান সৃষ্টির সাথে সম্পর্কিত। সম্পূর্ণ ইন্সেন্টিভ পাওয়ার জন্য, নেটফ্লিক্সকে 2024 সালের মধ্যে তার নতুন একজেকিউটিভ উৎপাদন অফিসে অবশ্যই 127টি কাজ তৈরি করতে হবে এবং তারপরে সেই নতুন কাজগুলি এবং তাদের ইতিমধ্যেই বিদ্যমান 32টি অফিসের কাজকে আরও পাঁচ বছরের জন্য বজায় রাখতে হবে।

**নেটফ্লিক্স সম্বন্ধে**

নেটফিক্স হল বিশ্বের শীর্ষস্থানীয় ইন্টারনেট বিনোদন পরিষেবা যার 190 টিরও বেশি দেশে 139টিরও বেশি প্রদেয় সদস্য রয়েছে যারা এক বিস্তৃত ধরণের এবং ভাষার TV সিরিজ, তথ্যচিত্র এবং ফিচার ছায়াছবি উপভোগ করেন। যে কোনও ইন্টারনেট-সংযুক্ত স্ক্রিনে সদস্যরা যে কোনও সময়, যে কোনও জায়গায়, তারা যত চান, দেখতে পারেন। সদস্যরা বিজ্ঞাপন বা কোনরকম প্রতিশ্রুতি ছাড়াই প্লে করতে পারেন, থামাতে পারেন এবং আবার দেখা শুরু করতে পারেন।

###


অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418



আনসাবস্ক্রাইব করুন